গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-০৪/ মূসক/২০১৭ তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩০ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি, ১০৯(৪) এ প্রদত্ত ক্ষমতাবলে মূল্য সংযোজন কর (মূসক) পরামর্শক লাইসেন্স এবং মূসক এজেন্ট লাইসেন্স প্রদানের নিমিত্তে পরীক্ষা অনুষ্ঠানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ সিলেবাস প্রণয়ন ও আদেশ প্রদান করিল, যথা:-

০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১০৯(৩) মোতাবেক বোর্ডের নিকট হইতে যোগ্য প্রার্থীদের তালিকা প্রাপ্তির পর মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি পরীক্ষা অনুষ্ঠানের জন্য একটি সুবিধাজনক তারিখ নির্ধারণ করিয়া সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবেন। তবে, পরীক্ষা অনুষ্ঠানের কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে উহা জারিপূর্বক অবহিত করিতে হইবে। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১০৯(৪) এর অধীন পরীক্ষার ফি বাবদ প্রাপ্ত পে-অর্ডার একই বিধিমালার বিধি ১০৯(৭) অনুযায়ী ব্যবস্থিত করিবার নিমিত্তে মহাপরিচালকের দাপ্তরিক ব্যাংক এ্যাকাউন্টে জমা রাখিতে হইবে।

০৩। **পরীক্ষা পরিচালনা কমিটি।**–পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্তে মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করিবেন, যাহা নিম্নরূপ হইবে:-

ক্রমিক নং	**কর্মকর্তার পদবী**	**কমিটিতে অবস্থান**
০১.	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমির একজন অতিরিক্ত মহাপরিচালক	আহ্বায়ক
০২.	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমির একজন যুগ্ম পরিচালক	সদস্য
০৩.	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর যুগ্ম বা উপ-কমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা	সদস্য
০৪.	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমির একজন উপ বা সহকারী পরিচালক	সদস্য সচিব

০৪। মহাপরিচালক উক্তরূপ কমিটি গঠন করিয়া উহার কার্যপরিধি নির্ধারণ করিবেন। তাহাছাড়া, পরীক্ষা অনুষ্ঠানের জন্য ইনভিজিলেটর, উত্তরপত্র পরীক্ষক ও সহায়তাকারী কর্মচারী নির্বাচন করিবেন এবং নিজ বিবেচনামতে প্রয়োজনীয় সংখ্যক সদস্য সমন্বয়ে মৌখিক পরীক্ষা গ্রহণের জন্য বোর্ড গঠন করিয়া আদেশ জারি করিবেন। চট্টগ্রামে অবস্থিত শুল্ক, মূসক ও আয়কর বিভাগের কর্মকর্তাসহ প্রয়োজনে দেশের অন্যান্য

স্থানে পদস্থ শুল্ক, মূসক ও আয়কর বিভাগের কর্মকর্তাগণকে ইনভিজিলেটর ও উত্তরপত্র পরীক্ষক হিসাবে দায়িত্ব প্রদান করা যাইবে।

০৫। পরীক্ষার সিলেবাস নিম্নরূপ হইবে:-

ক্রমিক	বিষয়	নম্বর
(ক) (খ) (গ) (ঘ) (ঙ)	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ উক্ত আইন ও বিধির অধীন জারিকৃত প্রজ্ঞাপন ও আদেশসমূহ উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোপ ও আদায়) আইন, ২০১৭ ভ্যাট অনলাইন সিস্টেম	৫০ নম্বর
(চ)	হিসাববিজ্ঞান; Bangladesh Accounting Standard	১০ নম্বর
(ছ)	বাংলা ও ইংরেজি	১০ নম্বর
(জ)	Customs Act, 1969	১০ নম্বর
(ঝ) (ঞ) (ট) (ঠ) (ড)	আমদানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে) রপ্তানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে) The Foreign Exchange Regulations Act, 1947 The Import and Export (Control) Act, 1950 আয়কর আইন	২০ নম্বর

০৬। **প্রশ্নপত্র প্রণয়ন।**–মোট ৩ (তিন) ঘন্টা সময়ে ১০০ (একশত) নম্বরের পরীক্ষা গ্রহণ করিতে হইবে। প্রশ্নের বিভাজন নিম্নরূপ হইবে:

ক্রমিক	বিষয়	নম্বর
(ক)	বহু নির্বাচনী (এমসিকিউ)	১৫ নম্বর
(খ)	সংক্ষিপ্ত প্রশ্ন	৩৫ নম্বর
(গ)	বিস্তারিত প্রশ্ন ও সমস্যা সমাধান	৫০ নম্বর

জাতীয় রাজস্ব বোর্ডের ভিন্নরূপ কোনো নির্দেশনা না থাকিলে মহাপরিচালক তাহার নিজস্ব পদ্ধতি ও ব্যবস্থাপনায় প্রশ্নপত্র প্রণয়ন করিতে পারিবেন।

০৭। **মৌখিক পরীক্ষা।**–মৌখিক পরীক্ষা ২০ (বিশ) নম্বরের হইবে। মহাপরিচালক অনুচ্ছেদ ৪ মোতাবেক ৩ থেকে ৫ সদস্যবিশিষ্ট একটি মৌখিক পরীক্ষা বোর্ড গঠন করিবেন। মহাপরিচালক উক্ত বোর্ডের সভাপতির দায়িত্ব পালন করিবেন।

০৮। **ফলাফল।**–লিখিত এবং মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর পরীক্ষায় উত্তীর্ণের মান হইবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থিগণই মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করিবেন। মহাপরিচালক পরীক্ষা অনুষ্ঠান সমাপ্ত করিয়া মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১০৯(৫) মোতাবেক ফলাফল প্রকাশপূর্বক যৌগ্য প্রার্থীদের একটি তালিকা বোর্ডে প্রেরণ করিবেন।

০৯। **পে-অর্ডার।**–আবেদনকারীগণের নিকট হইতে প্রাপ্ত পে-অর্ডার মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১০৯(৭) এর উদ্দেশ্যপূরণকল্পে সরকারী ব্যয় সংক্রান্ত বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যবস্থিত হইবে।

১০। **মূল্যায়ন পরীক্ষা।**–মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১২(২) অনুসারে, ১,০০০/- (এক হাজার টাকা মাত্র) ফি এর বিনিময়ে মূল্যায়ন পরীক্ষা গ্রহণ করা যাইবে। মহাপরিচালক তাহার নিজস্ব পদ্ধতি ও ব্যবস্থাপনায় মূল্যায়ন পরীক্ষা গ্রহণ করিবেন। মূল্যায়ন পরীক্ষার নম্বর হইবে ৫০, উত্তীর্ণ নম্বর হইবে ২৫। নিম্নবর্ণিত সিলেবাস অনুযায়ী মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হইবে:

ক্রমিক	বিষয়	নম্বর
(ক)	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২	৫০ নম্বর
(খ)	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬	
(গ)	উক্ত আইন ও বিধির অধীন জারিকৃত প্রজ্ঞাপন ও আদেশসমূহ	
(ঘ)	ভ্যাট অনলাইন সিস্টেম।	

১১। **কোন বিষয়ে হালফিল অগ্রগতি সম্পর্কে স্বল্পমেয়াদী প্রশিক্ষণ ।**– মহাপরিচালক প্রতি অর্থবছরে ন্যূনতম একবার কার্যকরী লাইসেন্সধারী সকল মূসক পরামর্শক ও মূসক এজেন্টদের মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিষয়ক যে কোনো বিষয়ে হালফিল অগ্রগতি সম্পর্কিত স্বল্পমেয়াদী প্রশিক্ষণ (Refresher Course) আয়োজন করিবেন।

১২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এবং এই আদেশে বর্ণিত বিধান অনুযায়ী পরীক্ষা গ্রহণ ও এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম সম্পন্ন করিতে হইবে। জাতীয় রাজস্ব বোর্ডের ভিন্নরূপ কোনো নির্দেশনা না থাকিলে এতদসংক্রান্ত যেকোনো বিষয়ে মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি প্রয়োজনীয় নির্দেশনা ও সিদ্ধান্ত প্রদান করিতে পারিবেন।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান